

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৫২/২০২৩

তারিখ: ২৩/০৮/২০২৩ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

বিল অব এক্সপোর্ট শুক্কায়ন (রি-রুট) ব্যতিত পণ্যচালান রপ্তানির অনুমতি প্রদান না করা প্রসঙ্গে

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিল অব এক্সপোর্ট শুক্কায়ন (রি-রুট) ব্যতিরেকে পণ্যচালান রপ্তানির অনুমতি দেওয়ার কারণে শিপমেন্ট পরবর্তী বিল অব এক্সপোর্ট রি-রুট করার সময় নানা জটিলতা দেখা দেয়। যেমন, রি-রুট করার সময় কাস্টমস কর্মকর্তা কর্তৃক শিপিং বিল, বিএল, টিআর, পিআরসি ইত্যাদি দলিলাদি চাওয়া, সিএন্ডএফ এজেন্টের Revolving Account (Pre-paid Account) এ পর্যাপ্ত ব্যালেন্স না থাকা, কাস্টমস কর্মকর্তা বদলিজনিত কারণে নতুন পদায়নকৃত কাস্টমস কর্মকর্তা কর্তৃক পূর্বের অসম্পন্নকৃত বিল অব এক্সপোর্ট সমূহ রি-রুট করতে অপারগতা প্রকাশ করা ইত্যাদি। এসব কারণে সিএন্ডএফ এজেন্টদের নানা ভোগান্তি পোহাতে হয়।

সমস্যা নিরসনে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষের সাথে গত ১৩/০৬/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়, বিল অব এক্সপোর্ট শুক্কায়ন (রি-রুট) ব্যতিত পণ্যচালান রপ্তানির অনুমতি প্রদান করা হবে না। তাই দ্রুত রপ্তানির স্বার্থে ও রপ্তানি সংক্রান্ত জটিলতা এড়াতে সোনালী ব্যাংক, কাস্টম হাউস শাখায় রক্ষিত সিএন্ডএফ এজেন্টের Revolving Account এ পর্যাপ্ত পরিমাণ অর্থ জমা রাখার জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক